

## বিডিআর-পুলিশ সমন্বয়ের অভাব লেদার টেকনোলজির ছাত্রাবাস থেকে অস্ত্র ও গুলীসহ ৪ ছাত্র গ্রেফতার

স্টাফ রিপোর্টার : গতকাল (মঙ্গলবার) সকালে হাজারীবাগের বাংলাদেশ লেদার টেকনোলজির ডঃ কুদরত-ই-খুদা ছাত্রাবাস থেকে অস্ত্র ও বিপুল পরিমাণ গুলীসহ ৪ ছাত্রকে গ্রেফতার করেছে। এদিকে এই অস্ত্র ও গুলী উদ্ধার এবং গ্রেফতারের ঘটনা নিয়ে পুলিশ ও বিডিআর-এর মধ্যে সমন্বয়হীনতার অভাব পুনরায় প্রকট হয়ে দেখা দিয়েছে। একই মন্ত্রণালয়ের অধীনস্থ দুটি সংস্থার মধ্যে এই সমন্বয়হীনতা নিয়ে ইতিপূর্বেও নানা প্রশ্ন সৃষ্টি হয়। পুলিশের পাঠানো খ্রেস বিচ্ছিন্নভাবে বলা হয়, সকাল সোয়া ৬টার হাজারীবাগ থানা পুলিশ ও বাংলাদেশ রাইফেলস যৌথভাবে

অভিযান চালিয়ে ছাত্রাবাসের ২০১ ও ২০৫ নং কক্ষ থেকে মোঃ শফিউল আলম, মোঃ বোরহান উদ্দিন ভূঁইয়া, গোলাম মোঃ জিয়াউর রহমান ও মোঃ নাজমুস সাকিব নামে ৪ ছাত্রকে গ্রেফতার করে। তাদের কাছ থেকে উদ্ধার করা হয় একটি বিদেশী রিভলবার, ৪৬০ রাউন্ড গুলী, ২টি পিস্তলের ম্যাগাজিন, চার্জারসহ ৫টি মোবাইল ফোন সেট, ২টি মিনি টেপ রেকর্ডার, একটি ছোট সিডি সেট, একটি জেস্ট মিটার, ৫টি হস্তিকিক, ২টি লোহার রড, ৩টি পাসপোর্ট, চেক বই, চেক বইয়ের মুড়ি এবং নগদ ৫৬ হাজার ৭শ টাকা। উদ্ধারকৃত পাসপোর্ট

### ৪ ছাত্র গ্রেফতার

প্রথম পৃষ্ঠার পর!  
ডিনটিভে মোঃ ফারুক আলম, ফরিদ হোসেন ও মোঃ বোরহান উদ্দিনের নাম রয়েছে। পুলিশের একটি সূত্র মতে, গ্রেফতারকৃতরা জানিয়েছে, তারা কোন রাজনীতি করে না। ২০৫ নং কক্ষে থাকতো ছাত্রদলের কলেজ শাখার আহ্বায়ক ফারুক আলম এবং ২০৯ নং কক্ষে থাকতো সদস্য ইনি জামিন। তারাই এসব অস্ত্রশস্ত্র হলে রেখেছে। কিন্তু অপর একটি সূত্র জানায়, গ্রেফতারকৃতরাও ছাত্রদলের কর্মী এবং সন্ত্রাসের সঙ্গে জড়িত। অপরদিকে বিডিআর-এর পক্ষ থেকে জানানো হয়, ভোর ৫টা থেকে সকাল সাড়ে ৯টা পর্যন্ত বিডিআর বাহিনীর নেতৃত্বে অভিযান চালিয়ে উল্লেখিত অস্ত্রশস্ত্রসহ অন্যান্য জিনিসপত্র উদ্ধার এবং ৪ ছাত্রকে গ্রেফতার করা হয়। এছাড়া সন্দেহভাজন হিসেবে সালাউদ্দিন, মোঃ হাসান, ইমাম মালু মিয়া ও মোঃ জাহাঙ্গীর আলমকে আটক করা হয়।